

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-১৫/২০২১

তারিখঃ ০৯/০৩/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা [অ্যাসাইকুডা ওয়ার্ল্ড শাখা] এর স্মারক নং- ০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/২৯(১৪), তারিখঃ ১৮/০২/২০২১খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মিজানুর রহমান
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।
[অ্যাসাইকুডা ওয়ার্ল্ড শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/২৯(১৪)

তারিখঃ ১৮/০২/২০২১খ্রিঃ

বিষয়ঃ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর আওতায় তৈরিকৃত এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (ইজিএম) মডিউল বাস্তবায়ন।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নথি নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/২৪, তারিখঃ ০১.০২.২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ইতোমধ্যে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট মডিউল উন্নয়নের কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিগত ১৫.০২.২০২১খ্রিঃ এবং ১৬.০২.২০২১খ্রিঃ তারিখে কাস্টম হাউস, চট্টগ্রামের রপ্তানি শুদ্ধায়ন, রপ্তানি পরীক্ষণ, ইজিএম শাখার কর্মকর্তা কর্মচারী, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার ও সি এন্ড এফ এজেন্ট প্রতিনিধিদের অ্যাসাইকুডা টিমের সদস্যগণ কর্তৃক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

০২। কাস্টম হাউস, চট্টগ্রাম এ ইজিএম মডিউল বাস্তবায়নের প্রাথমিক পর্যায়ে এছাক ব্রাদার্স, অফডক- কে কার্যক্রম চালুর বিষয়ে নির্বাচন করা হয়েছে। আগামী ০১.০৩.২০২১খ্রিঃ তারিখ থেকে বর্ণিত অফডকের এক্সপোর্ট চালানসমূহকে ইজিএম কার্যক্রমের আওতায় বিবেচনা করা হবে। এ লক্ষ্যে ইজিএম বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল অংশীজনকে (অফডক কর্তৃপক্ষ, শিপিং এজেন্ট, ফ্রেইট ফরোয়ার্ডার, সি এন্ড এফ এজেন্ট)- কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

[রাব্বুল হাসান]

দ্বিতীয় সচিব (অ্যাসাইকুডা)

ss.asycuda@gmail.com

প্রাপকঃ

কমিশনার

কাস্টম হাউস, চট্টগ্রাম।